



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
অপারেশন ও সমন্বয় শাখা



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র সেবাগ্রহীতাদের সাথে অনুষ্ঠিত  
অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	নাসিমা বেগম পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২৬ ডিসেম্বর ২০২১
সভার সময়	সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	জিএসবি'র সম্মেলন কক্ষ (৪৩৩)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র সেবাগ্রহীতা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), হাইড্রো কার্বন ইউনিট এবং বিস্ফোরক পরিদপ্তর এর প্রতিনিধিদের সাথে এক অবহিতকরণ সভা জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে গত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্ব শেষে অনুমতিক্রমে জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ও হালনাগাদকরণ কমিটির সদস্য জনাব মোহাম্মদ আলমগীর কবীর, উপপরিচালক (ভূতত্ত্ব) জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতি তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, জিএসবি একটি ভূ-বৈজ্ঞানিক সংস্থা, এখানে জনগণের সাথে সরাসরি সম্পৃক্ততা কম।

এ পর্যায়ে সভাপতি এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় অংশীজনের এ সভার আয়োজন করা হয়েছে উল্লেখ করে জিএসবি হতে সেবা পেতে কোন সমস্যা হচ্ছে কিনা এ বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের মতামত জানতে চান। সভায় উপস্থিত সেবাগ্রহীতা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র জনাব মাহবুবা খাতুন ইজারা প্রদানের লক্ষে ইজারা মূল্য নির্ধারণ, জনশক্তি প্রদান, বিভিন্ন সভা-সেমিনারে প্রতিনিধি পাঠানোসহ অন্যান্য আনুষঙ্গিক সেবাসমূহ যথাসময়ে পাওয়া যায়, সেবা প্রাপ্তিতে কোন বিলম্ব হয়না মর্মে সভাকে অবহিত করেন।

হাইড্রোকার্বন ইউনিটের প্রতিনিধি জনাব এম. আলাউদ্দিন আল আজাদ প্রথমেই সদ্য অনুষ্ঠিত জিএসবি কর্তৃক জাতীয় সেমিনার আয়োজনের ভূয়সী প্রশংসা করেন এবং এই ধরনের সেমিনার যেন আরও আয়োজিত হয় সে বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো জানান যে, জিএসবি হতে যথাসময়ে চাহিত তথ্য/সেবা পাওয়া যায়। সেবা প্রাপ্তিতে কোন সমস্যা হচ্ছেনা।

বিস্ফোরক পরিদপ্তর হতে সভায় অংশগ্রহণকারী অংশীজন জনাব সানজিদা আক্তার অবহিত করেন যে জিএসবি'র চাহিদাকৃত সেবা যেমন- বিস্ফোরক আমদানির জন্য ছাড়পত্র প্রদানসহ অন্যান্য সেবা যথাসময়ে প্রদান করা হয়। সভায় উপস্থিত জিএসবি'র উপপরিচালক জনাব মোহাম্মদ আলমগীর কবীর বিস্ফোরক পরিদপ্তর হতে সেবা পেতে কোন বিলম্ব বা সমস্যা হয়না মর্মে সভাকে অবহিত করেন।

এ পর্যায়ে সভায় অংশগ্রহণকারী বিএমডি, হাইড্রোকার্বন ইউনিট ও বিস্ফোরক পরিদপ্তরের প্রতিনিধিগণের সাথে স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক সেবা প্রদানের ধরন, পরীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন, বাস্তবায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ ইত্যাদি বিষয়ক মতবিনিময় হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নাসিমা বেগম  
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.৯৮

তারিখ: ১২ পৌষ ১৪২৮

২৭ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ২) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৩) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ);
- ৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১, প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৫) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।



মো: তাহমিদ তায়েফ  
সহকারী পরিচালক (রসায়ন)-৪